অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/13/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল), সংখ্যাগরিষ্ঠ নেতা SCHUMER (শুমার) এবং সিনেটর GILLIBRAND (জিলিব্র্যান্ড) CONNECTALL MUNICIPAL INFRASTRUCTURE GRANTS-এর জন্য 140 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দিয়েছেন যাতে 60,000-এর বেশি বাড়ি ও ব্যবসার জন্য অ্যাফোর্ডেবল উচ্চগতির ব্রডব্যান্ড নিয়ে আসা যায়

তহবিল দিয়ে 1,200 মাইলের বেশি নতুন পাবলিক ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচারকে সমর্থন করা হবে

আপস্টেট নিউ ইয়র্ক অঞ্চলগুলিতে ব্রডব্যান্ড বাড়ানোর অগ্রগতি ট্র্যাক করার জন্য ConnectALL ইন্টারেক্টিভ বেটা ড্যাশবোর্ড শুরু করেছে

গভর্নর Hochul-এর (হোকল) *1 বিলিয়ন মার্কিন ডলারের ConnectALL উদ্যোগকে অগ্রসর করে যাতে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য অ্যাফোর্ডেবল, নির্ভরযোগ্য ব্রডব্যান্ড নিশ্চিত করা যায়*

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), সংখ্যাগরিষ্ঠ নেতা Charles Schumer (চার্লস শুমার) এবং সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) আজকে সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York), ফিঙ্গার লেকস (Finger Lakes), মোহক ভ্যালি (Mohawk Valley), নর্থ কান্ট্রি (North Country), মিড-হাডসন (Mid-Hudson) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) অঞ্চলে ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার বড় করার জন্য ConnectALL Municipal Infrastructure Grant Program থেকে 140 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করেছেন। এই সরকারি-বেসরকারি পার্টনারশিপের ফলে 1,200 মাইলের বেশি সরকারি মালিকানার ফাইবার অপটিক ইনফ্রাস্ট্রাকচার এবং ওয়্যারলেস হাব গঠন করা হবে, যা 60,000-এর বেশি বাড়ি ও ব্যবসাকে অ্যাফোর্ডেবল, সিমেট্রিক সেবার সাথে যুক্ত করবে, আঞ্চলিক গড়ের কম খরচে সমান ডাউনলোড ও আপলোড স্পিড দিবে। এই ছয়টি নতুন অনুদান আগে দেওয়া অর্থের উপর ভিত্তি করে সম্ভব হয়েছে, যার ফলে প্রোগ্রামের মোট পরিমাণ হলো 214.7 মিলিয়ন মার্কিন ডলার, যা মূলত ট্রেজারি ডিপার্টমেন্টের (Treasury Department) Capital Projects Fund থেকে দেওয়া হয়েছে। প্রোগ্রামটি এখন মোট 2,000 মাইলের বেশি ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচারকে সমর্থন করে, যা পুরো স্টেটের 87,000-এর বেশি বাড়ি ও ব্যবসায় পৌঁছে গিয়েছে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে অ্যাফোর্ডেবল, উচ্চগতির ইন্টারনেটের সাথে কানেক্ট করার আমাদের মিশনের জন্য আজকে একটি রূপান্তরকারী অগ্রগামী ধাপ নেওয়া হয়েছে," **গভর্নর**

Hochul (হোকল) বলেন। "ছয়টি অঞ্চলে পাবলিককে ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচারে 140 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করার মাধ্যমে আমরা শুধু ফাইবার অপটিক কেবল বসাচ্ছি না, বরং আমরা শিক্ষা, স্বাস্থ্যসেবা, অর্থনৈতিক সুযোগ এবং সমৃদ্ধির জন্য ঘাটতি পূরণ করছি। আমাদের নতুন ইন্টারেক্টিভ ড্যাশবোর্ড দিয়ে নিউ ইয়র্কবাসীরা এখন আমাদের অগ্রগতি ট্র্যাক করতে পারবে যে আমাদের ডিজিটাল ভবিষ্যতে কোনো কমিউনিটি যাতে পিছিয়ে না থাকে তা নিশ্চিত করতে আমরা কাজ করছি।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা Charles Schumer (চার্লস শুমার) বলেন, "উচ্চগতির ইন্টারনেট অ্যাক্সেস পাওয়া বিলাসিতা না, প্রয়োজন, এটি প্রতিদিনের জীবনে ইলেক্ট্রিসিটির মতোই একটি ইউটিলিটি। আজকে আপস্টেট নিউ ইয়র্ক (New York, NY) ডিজিটাল বিভক্তি বন্ধ করার জন্য একটি বড় ধাপ এগিয়েছে। ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার বড় করতে সাহায্য করার জন্য 140 মিলিয়ন মার্কিন ডলারের বেশি এই বিশাল পরিমাণটি দিতে পেরে আমি গর্বিত যা আপস্টেট NY-এর 60,000-এর বেশি বাড়ি ও ব্যবসায় অ্যাফোর্ডেবল, মানসম্পন্ন ইন্টারনেট অ্যাক্সেস দিবে। এটি জেমসটাউন সিটি (City of Jamestown) থেকে শুরু করে স্কোহ্যারি (Schoharie), অর্লিন্স (Orleans) এবং সালিভ্যান (Sullivan) কাউন্টির গ্রামীণ অংশগুলি পর্যন্ত আপস্টেট NY-এর প্রতিটি কোণার কমিউনিটিকে সাহায্য করবে। এটি পরিবারগুলিকে শিক্ষা, স্বাস্থ্যসেবা, অর্থনৈতিক সুযোগ, এবং একে অন্যের সাথে সংযুক্ত হয়ে থাকতে সাহায্য করবে। আমি যখন American Rescue Plan এবং Bipartisan Infrastructure & Jobs Law পাশ করানোর জন্য নেতৃত্ব দিচ্ছিলাম তখন আমি নিশ্চিত করেছি যাতে সেখানে এমন দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য তহবিল থাকে, যা ভালো বেতনের চাকরি তৈরি করবে এবং জিপ কোড যাই হোক না কেনো, স্টেটের প্রতিটি কোণায় যাতে উচ্চগতির ইন্টারনেট পৌঁছে যেতে পারে তার জন্য প্রয়োজনীয় 21 শতকের ইনফ্রাস্ট্রাকচার গঠন করতে সাহায্য করবে। সব নিউ ইয়র্কবাসী যাতে তাদের প্রাপ্য ইন্টারনেটের সমান অ্যাক্সেস পেতে পারে তা নিশ্চিত করতে এইসব ফেডারেল মার্কিন ডলার ব্যবহারে গভর্নর Hochul-এর (হোকল) কাজের কারণে আমি কৃতজ্ঞ।"

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "যেখানেই বাস করুক না কেনো, প্রত্যেক নিউ ইয়র্কবাসীর অ্যাফোর্ডেবল, উচ্চগতির ইন্টারনেট পাওয়ার অধিকার আছে। পাবলিক ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচারে এই বড় বিনিয়োগটি নিউ ইয়র্কবাসীকে রিমোট কাজের সুযোগ, টেলিহেলথ অ্যাপয়েন্টমেন্ট এবং অনলাইনের শিক্ষা প্রোগ্রামের সাথে সংযুক্ত করে দিতে সাহায্য করবে, এটি আমাদের স্টেটকে সকলের জন্য এবং সবসময়ের জন্য ডিজিটাল বিভক্তি দূর করার আরো কাছে নিয়ে যাবে। *American Rescue Plan Act*-এর মাধ্যমে এই গুরুত্বপূর্ণ তহবিল নিশ্চিত করতে সাহায্য করতে পেরে আমি গর্বিত, এবং আমাদের পুরো স্টেটে নির্ভরযোগ্য ইন্টারনেটের অ্যাক্সেস বাড়াতে আমি কাজ চালিয়ে যাবো।"

স্বচ্ছতা এবং জনগণের জড়িত হওয়াকে সমর্থন করার জন্য ConnectALL এর ইন্টারেক্টিভ প্রোজেক্ট ড্যাশবোর্ডের একটি বেটা ভার্সনও শুরু করেছে, যা ইউজারদেরকে প্রত্যেক ব্রডব্যান্ড প্রোজেক্টের জন্য অবস্থান ও প্রধান প্রধান তথ্য দেখতে দেয়। ড্যাশবোর্ডটি, যা এখানে পাওয়া যাবে, নতুন ফিচার এবং সব ConnectALL প্রোগ্রামের জন্য নতুন করে অনুদানের অর্থ সম্পর্কে তথ্য যোগ করতে থাকবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "আমাদের কমিউনিটির ভবিষ্যৎ এবং আমাদের অর্থনীতির প্রাণশক্তির জন্য ব্রডব্যান্ড অ্যাক্সেস বাড়ানো দরকার। কৌশলী সরকারি-বেসরকারি পার্টনারশিপের মাধ্যমে আমরা শুধু অতি গুরুত্বপূর্ণ ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার বড় করছি না, বরং এছাড়াও প্রতিযোগিতা তৈরি করছি, খরচ কমাচ্ছি এবং নতুন আবিষ্কারের জন্য একটি ভিত্তি তৈরি করছি। এই বিনিয়োগগুলি ফিঙ্গার লেকস থেকে শুরু করে নর্থ কান্ট্রি পর্যন্ত কমিউনিটিগুলিকে বদলে দিবে, নিশ্চিত করবে যাতে উচ্চগতির ইন্টারনেট অন্যান্য পাবলিক ইউটিলিটির মতোই মৌলিক এবং অ্যাক্সেসিবল হয়ে যায়।"

U.S.-এর ডিপার্টমেন্ট অফ দ্য ট্রেজারির অধীনে থাকা American Rescue Plan-এর Capital Projects Fund থেকে ConnectALL-এর Municipal Infrastructure Program (MIP)-এর জন্য তহবিল এসেছে। Municipal Infrastructure Program-এর ব্রডব্যান্ড ইন্‌ফ্রাস্ট্রাকচারের মালিক হবে কোনো সরকারি বা সরকারের নিয়ন্ত্রিত সত্তা। ইন্টারনেট সার্ভিস প্রোভাইডাররা (Internet Service Providers, ISP) নতুন ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ব্যবহার করে নিউ ইয়র্কবাসীদের অ্যাফোর্ডেবল, মানসম্পন্ন সেবার অপশন দিবে।

Municipal Infrastructure Program সর্বশেষ যাদেরকে অর্থ দিয়েছে তারা হলো:

- **অর্লিন্স কাউন্টি (ফিঙ্গার লেকস) - 11 মিলিয়ন মার্কিন ডলার** 11 মিলিয়ন মার্কিন ডলারের MIP তহবিল ব্যবহার করে অর্লিন্স কাউন্টি তাদের ওয়্যারলেস ইন্টারনেট নেটওয়ার্ককে বড় করবে যাতে 11,000-এর বেশি স্থানে 100/100 Mbps স্পিড দেওয়া যায়। 2020 সালে RTO Wireless-এর সাথে বিদ্যমান ও নতুন টাওয়ারে 21টি ওয়্যারলেস হাব ইনস্টল করার মাধ্যমে কাউন্টি যে সফল ওয়্যারলেস ইন্টারনেট প্রোজেক্ট শুরু করেছিলো, তার জন্যই এই প্রোজেক্টটি সম্ভব হবে। নেটওয়ার্ককে মালিক হবে কাউন্টি, এর ডিজাইন, নির্মাণ, দেখাশোনা এবং পরিচালনা RTO Wireless করবে। অন্যান্য ISP-এর জন্য টাওয়ারগুলি খোলা থাকবে। কাউন্টি এছাড়াও ডিজিটাল সাক্ষরতার প্রশিক্ষণ এবং কমিউনিটি আউটরিচ দিতে United Way-এর সাথে তাদের পার্টনারশিপ বাড়াবে, যা নিম্ন আয়ের হাউজহোল্ডের জন্য এই বাধা পার হওয়ার সমাধান করবে। প্রতি বর্গমাইলে 103 জন মানুষ নিয়ে কম ঘনত্বের এই গ্রামীণ জায়গায় উচ্চগতির ইন্টারনেট দেওয়ার সমস্যাকে এই প্রোজেক্টটি সমাধান করবে। কাউন্টির আধুনিক ওয়্যারলেস সমাধানটি একটি দৃঢ় কমিউনিটির পার্টনারশিপের সাথে মিলিত হয়ে ফাইবার নেটওয়ার্কের একটি কম খরচের বিকল্প দিতে পারবে, যা ডিজিটাল সমতার প্রচার করবে এবং বাসিন্দা, ব্যবসা, শিক্ষা এবং কৃষি কমিউনিটির জন্য কানেক্টিভিটি উন্নত করবে।

- **Broadband for Schoharie County (মোহক ভ্যালি) - 30 মিলিয়ন মার্কিন ডলার:** Broadband for Schoharie County প্রোজেক্টটি 4,000-এর বেশি স্থানকে কানেক্ট করতে 298 মাইল ফাইবার নির্মাণ করবে, যার মধ্যে কাউন্টির সুবিধাহীন স্থানগুলির প্রায় সব থাকবে। নতুন ইনফ্রাস্ট্রাকচার কাউন্টির সবথেকে গ্রামীণ এবং পৌঁছানো কষ্ট এমন

স্থানে পৌঁছাবে। কাউন্টি MIDTEL-এর পার্টনার হবে, তারা 125 বছরের বেশি সময় ধরে কাউন্টির কাস্টোমারদের সেবা দিচ্ছে। ইনফ্রাস্ট্রাকচারের মালিক হবে কাউন্টি এবং তারা নেটওয়ার্ক তৈরি ও পরিচালনার জন্য MIDTEL-এর অভিজ্ঞতাকে কাজে লাগবে। নেটওয়ার্কটি ওপেন-অ্যাক্সেস হবে, MIDTEL-এর সেন্ট্রাল অফিস এবং পুরো কাউন্টিতে বিতরণ করার দুইটি অ্যাগ্রেশন পয়েন্টের সাথে ইন্টারকানেকশন পয়েন্ট থাকবে। উদ্যোগটি কাউন্টির গড় খরচের অনেক কম দামে সেবা দিতে পারবে যার লক্ষ্য হবে শিক্ষা, স্বাস্থ্য এবং কাজের ফলাফল উন্নত করা, বিশেষ করে কাউন্টির নিম্ন আয়ের এলাকাগুলিতে তা করা।

- **Central New York Regional Planning and Development Board (সেন্ট্রাল নিউ ইয়র্ক) - 26 মিলিয়ন মার্কিন ডলার** Central New York Regional Planning and Development Board একটি আঞ্চলিক ওপেন-অ্যাক্সেস ফাইবার নেটওয়ার্ক, CNYNET, তৈরি করবে যা ক্যাইয়ুগা (Cayuga) এবং কর্টল্যান্ড (Cortland) কাউন্টির 6,671টি স্থানে সেবা দিবে। নেটওয়ার্কের ডিজাইন তৈরির জন্য 2021 সালে বোর্ড একটি ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার স্টাডি (Broadband Infrastructure Study) করে, যা দুইটি কাউন্টির সুবিধাহীন স্থান এবং আশেপাশের এলাকায় ভোক্তার বিকল্প বাড়ানোর সেরা সুযোগ দিয়ে থাকে। নেটওয়ার্কটির মালিকানা এবং দেখাশোনার জন্য বোর্ডটি একটি নন-প্রফিট স্থানীয় ডেভেলপমেন্ট কর্পোরেশন, CNYNET, Inc., তৈরি করবে। নেটওয়ার্কের পরিচালনা করবে Empire Access এবং নেটওয়ার্ক দিয়ে আবাসিক ইন্টারনেট সেবা দেওয়া হবে। প্রোজেক্টের মোট 36.2 মিলিয়ন মার্কিন ডলার বাজেটের মধ্যে ক্যাইয়ুগা ও কর্টল্যান্ড কাউন্টি যথাক্রমে দিবে 7 মিলিয়ন মার্কিন ডলার এবং 3 মিলিয়ন মার্কিন ডলার।

- **ফ্র্যাঙ্কলিন কাউন্টি (নর্থ কান্ট্রি) - 13.1 মিলিয়ন মার্কিন ডলার:** ফ্র্যাঙ্কলিন (Franklin) কাউন্টি ফাইবার-টু-হোম (Fiber-to-Home) এবং নেক্সট জেনারেশন ফিক্সড-ওয়্যারলেস (Generation Fixed-Wireless) সমাধান ব্যবহার করে সুবিধাহীন স্থানগুলিকে কানেক্ট করবে। কাউন্টি ডিজাইনের জন্য Airosmith Development এবং নির্মাণ ও পরিচালনার জন্য LayerEight-এর পার্টনার হবে, 144 মাইল ফাইবার গঠন করবে এবং লিঙ্ক ও কভারেজের জন্য চারটি খুঁটি ইন্সটল করবে। কাউন্টি নতুন ইনফ্রাস্ট্রাকচারের একটি অংশের মালিক হবে ও এর পরিচালনা করবে এবং Hudson Valley Wireless ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার হিসেবে কাজ করবে। উল্লেখযোগ্য নেটওয়ার্কের কাজ শেষ হওয়ার পর, সেইন্ট রেজিস মোহক (St. Regis Mohawk) অঞ্চলের কাছের এরিয়া 2-এ (Area 2) কাউন্টি ইনফ্রাস্ট্রাকচার Mohawk Networks-কে দিয়ে দিবে যারা Tribal Council-এর পক্ষে কাজ করছে এবং সেই এলাকার সার্ভিস প্রোভাইডার হবে Mohawk Networks। প্রোজেক্টটি মোট 1567টি স্থানকে কানেক্ট করবে, যার মধ্যে 46টি কমিউনিটি অ্যাঙ্কর ইনস্টিটিউশন (Community Anchor Institutions) আছে।

- **সালিভ্যান কাউন্টি (মিড-হাডসন) - 29.9 মিলিয়ন মার্কিন ডলার:** 22,000-এর বেশি বাড়ি ও ব্যবসাকে সেবা দিতে সালিভ্যান কাউন্টি Archtop Fiber LLC-এর পার্টনার হবে, কাউন্টির কাছে থাকা টাওয়ার এবং ফাইবার অপটিক নির্মাণে Archtop-এর ক্ষমতাকে কাজে লাগানো হবে। ইন্‌ফ্রাস্ট্রাকচারের মালিক খাবে সালিভ্যান কাউন্টি, এবং Archtop Fiber এবং Hudson Valley Wireless ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার হিসেবে কাজ করবে। কাউন্টির কাছে ইতিমধ্যে যে 11টি টাওয়ার রয়েছে তার পাশাপাশি তারা 253 মাইল ফাইবার গঠন এবং একটি নতুন যোগাযোগ টাওয়ার করবে, যা সুবিধাহীন এবং সুবিধাবঞ্চিত স্থানগুলিতে ব্রডব্যান্ড সেবা বাড়াতে সাহায্য করবে। সালিভ্যান কাউন্টির গ্রামীণ, পাহাড়ি ভূমি, কম জনসংখ্যার ঘনত্ব এবং Hudson Valley Regional Council যে সাতটি কাউন্টির প্রতিনিধি তার মধ্যে সবথেকে দুঃস্থ হিসেবে এর স্ট্যাটাসের কারণে এটির কিছু অনন্য চ্যালেঞ্জ আছে যার কারণে দীর্ঘদিন ধরে এই কাউন্টিতে ব্রডব্যান্ড বাধাপ্রাপ্ত হয়েছে। এই উদ্যোগটি কাউন্টির অনেক সুবিধাহীন বাড়ির জন্য এই অবস্থাকে বদলে দিবে এবং স্বাস্থ্য, শিক্ষা এবং অর্থনৈতিক কল্যাণের জন্য নতুন সুযোগ তৈরি করবে।

- **জেমসটাউন সিটি / EntryPoint Networks Inc. (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক) - 29.9 মিলিয়ন মার্কিন ডলার** জেমসটাউন পাবলিক ইউটিলিটি যে 14,447 বাড়ি ও ব্যবসাকে সেবাদান করে তাদের সবাইকে সেবা দিতে একটি ওপেন-অ্যাক্সেস ফাইবার নেটওয়ার্ক গঠন করার জন্য জেমসটাউন সিটি EntryPoint Networks এবং Quanta Telecommunication Services-এর পার্টনার হবে। ইনফ্রাস্ট্রাকচারটির মালিক হবে Jamestown Board of Public Utilities এবং তারাই এর পরিচালনা করবে, এবং টেলিকম সরঞ্জাম ও সফ্টওয়্যার দিবে EntryPoint Networks এবং ডিজাইন ও নির্মাণের কাজের দেখাশোনা করবে Quanta। এই প্রোজেক্টটি ব্রডব্যান্ডের নির্ভরযোগ্যতা ও অ্যাফোর্ডেবল হওয়া নিয়ে কমিউনিটির দীর্ঘদিন ধরে যে চিন্তা আছে তার সমাধান করবে। ভোক্তার খরচ কম করা এবং এবং নেটওয়ার্কের পারফর্ম্যান্স ও নির্ভরযোগ্যতা বাড়ানোর পাশাপাশি নেটওয়ার্কটি অর্থনৈতিক সুযোগ নিয়ে আসবে, জেমসটাউনের শিশুদের জন্য শিক্ষার ফলাফল উন্নত করবে, এবং পুরো টাউনের জন্য স্বাস্থ্যসেবা ও সাধারণ সুস্থতাকে উন্নত করবে।

ConnectALL-এর সফল পাইলট প্রোজেক্টগুলি থেকে Municipal Infrastructure Program শিক্ষা নিবে, যেগুলি সরকারি মালিকানার, ওপেন অ্যাক্সেস ফাইবার অপটিক নেটওয়ার্কের রূপান্তরমূলক সম্ভাবনা দেখিয়েছিলো। একের বেশি সার্ভিস প্রোভাইডারদের ব্যবহারের জন্য তৈরি এই নেটওয়ার্কগুলি সুবিধাবঞ্চিত এলাকায় অতি প্রয়োজনীয় ভোক্তার জন্য বিকল্পের সুযোগ নিয়ে আসবে। ব্রডব্যান্ডকে একটি মৌলিক ইউটিলিটি হিসেবে চিন্তা করে সরকারি মালিকানা নিশ্চিত করবে যাতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলির সব হাউজহোল্ডের জন্য সার্বজনীন অ্যাক্সেস দেওয়া যায়। ConnectALL থেকে দেওয়া প্রথম 10 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ

চারটি আপস্টেট নিউ ইয়র্ক কমিউনিটিতে পাইলট প্রোজেক্টের তহবিল দিয়েছে: শারবার্ন ভিলেজ (Village of Sherburne) (শেনাঙ্গ (Chenango) কাউন্টি), নিকোলস টাউন (Town of Nichols) (টিয়োগা (Tioga) কাউন্টি), ডায়ানা টাউন (Town of Diana) (লুইস (Lewis) কাউন্টি), এবং পিটকেয়ার্ন টাউন (Town of Pitcairn) (সেইন্ট লরেন্স (St. Lawrence) কাউন্টি)। কাজ শেষ হওয়ার পর এই প্রোজেক্টগুলি সফলভাবে 3,000-এর বেশি হাউজহোল্ডকে উচ্চগতির ইন্টারনেটের সাথে কানেক্ট করে দেয়, আঞ্চলিক গড়ের থেকে কম খরচে সেবা দেয়।

স্টেটের সিনেটর Shelley B. Mayer (শেলি বি মায়ার) বলেন, "মিউনিসিপ্যাল ইনফ্রাস্ট্রাকচার প্রোগ্রামের (Municipal Infrastructure Program) মাধ্যমে ব্রডব্যান্ডে ধারাবাহিক বিনিয়োগ দেখে আমি অনেক খুশি। সিনেটের এডুকেশন কমিটির (Senate Education Committee) চেয়ার হিসেবে আমি জানি শিক্ষা এবং অর্থনৈতিক সুযোগের জন্য ব্রডব্যান্ড অ্যাক্সেস কতটা জরুরি। কোভিড মহামারীর সময় আমরা তা স্পষ্টই দেখেছি এবং এর সমাধান করার জন্য আমরা ব্যবস্থা নিয়েছি। ডিজিটাল সমতার জন্য এই ব্যবস্থা একটি অতি গুরুত্বপূর্ণ পিলার যেখানে এছাড়াও ডিজিটাল সাক্ষরতা এবং ডিভাইস অ্যাক্সেসের জন্য ধারাবাহিক বিনিয়োগ থাকতেই হবে। গুরুত্বপূর্ণ এই বিনিয়োগ এবং বাস্তবায়নের জন্য গভর্নর Hochul (হোকল) এবং আমাদের ফেডারেল পার্টনারদের ধন্যবাদ।"

স্টেটের সিনেটর Kristen Gonzalez (ক্রিস্টেন গঞ্জালেজ) বলেন, "সফল হওয়ার জন্য এবং একটি মর্যাদাপূর্ণ জীবনযাপনের জন্য অ্যাফোর্ডেবল, উচ্চগতির ইন্টারনেট প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য গুরুত্বপূর্ণ, এবং আজকের 140 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি 60,000-র বেশি বাড়ি ও ব্যবসাকে সেই সুযোগের সাথে সংযুক্ত করে দিবে যা তাদের অধিকার। ব্রডব্যান্ড অ্যাক্সেসকে অগ্রাধিকার করতে গভর্নর Hochul (হোকল) এবং ConnectALL Municipal Infrastructure Grant Program-র কাজের জন্য আমি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলির সদস্য Steve Otis (স্টিভ ওটিস) বলেন, "ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার বড় করার প্রোজেক্টের এই সর্বশেষ ঘোষণাটির জন্য গভর্নর Hochul (হোকল) এবং আমাদের NYS ConnectALL অফিসকে অভিনন্দন। যেসব এলাকায় প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার নেই সেখানে ব্রডব্যান্ড দেওয়ার জন্য নাট বল্টু লাগানোর কাজটিকে ConnectALL-এর তহবিল সমর্থন করবে। সকলের জন্য গুরুত্বপূর্ণ ডিজিটাল সাক্ষরতার সুযোগ দেওয়া সম্ভব করার জন্য প্রত্যেক নিউ ইয়র্কবাসীর কাছে যাতে ব্রডব্যান্ড অ্যাক্সেস, ডিভাইস ও প্রশিক্ষণ থাকে তা আমাদেরকে নিশ্চিত করতে হবে। এখনো যে ঘাটতি আছে তা পূরণ করতে এইসব ConnectALL অনুদান আমাদেরকে সাহায্য করবে।"

গভর্নর হোকলের ConnectALL উদ্যোগ

গভর্নর Hochul (হোকল) 1 বিলিয়ন মার্কিন ডলারের ConnectALL উদ্যোগ তৈরি করেছেন, এটি ব্রডব্যান্ডের অ্যাক্সেসের জন্য নিউ ইয়র্কের সর্বকালের সবথেকে বড় বিনিয়োগ যা স্টেটের ডিজিটাল বিভক্তি দূর করবে, ডিজিটাল ইন্‌ফ্রাস্ট্রাকচারের রূপান্তর করবে এবং নিশ্চিত করবে যাতে সকল নিউ ইয়র্কবাসীর কাছে নির্ভরযোগ্য এবং অ্যাফোর্ডেবল উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা থাকে। আজ পর্যন্ত, ConnectALL ব্রডব্যান্ড অ্যাক্সেসের অগ্রগতির জন্য বেশ কয়েকটি কর্মসূচির সফল প্রবর্তন ও বাস্তবায়ন করেছে, যার মধ্যে রয়েছে:

- ডিজিটাল বিভক্তি বন্ধ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিজিটাল ইক্যুইটি প্ল্যান (Digital Equity Plan) বাস্তবায়ন করার জন্য Digital Equity Program 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যার মধ্যে আছে কমপক্ষে 37 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল বরাদ্দ। প্ল্যানটি ডিজিটাল সাক্ষরতা এবং ডিজিটাল চাকরির প্রস্তুতির দক্ষতা উন্নত করতে, অ্যাফোর্ডেবল ইন্টারনেট ও ডিভাইসের অ্যাক্সেস সম্ভব করতে, ডিজিটাল প্রাইভেসি এবং নিরাপত্তা উন্নত করতে এবং ইন্টারনেটের মাধ্যমে সরকারের সেবা আরো অ্যাক্সেসিবল করতে নিউ ইয়র্কের ক্ষমতা বাড়ানোর জন্য তাদের পুরো স্টেটের কৌশলের আউটলাইন করে।

- অ্যাফোর্ডেবল এবং পাবলিক হাউজিংয়ে নতুন ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার আনতে Affordable Housing Connectivity Program U.S.-এর ট্রেজারি ডিপার্টমেন্টের Capital Projects Fun থেকে পাওয়া 100 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল বিনিয়োগকে কাজে লাগবে। কর্মসূচিটি বর্তমানে ইন্টারনেট সেবা প্রদানকারীদের থেকে আবেদন এবং আবাসনের মালিক ও সরকারি আবাসন কর্তৃপক্ষের কাছ থেকে আগ্রহের প্রকাশ গ্রহণ করছে।

- ConnectALL Deployment Program ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের তহবিল প্রদান করবে যাতে তারা সুবিধাহীন ও সুবিধাবঞ্চিত অবস্থানে পৌঁছাতে পারে, এর জন্য তারা Broadband Equity, Access, and Deployment Program থেকে পাওয়া 664.6 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিলের বরাদ্দকে কাজে লাগবে, যেমনটি ConnectALL-এর ব্রডব্যান্ড ডিপ্লয়মেন্ট ইনিশিয়াল প্রপোজালে (Broadband Deployment Initial Proposal) বলা আছে। 2024 সালের ফল মৌসুমে প্রোগ্রামটির আবেদনের অনুরোধ করা হবে বলে আশা করা যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন